



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

ওয়েব সাইট : www.shahzadpurgovtcollege.com
E-Mail Address : shahzadpur.govt.college@gmail.com
টেলিফোন নম্বর : ০২৫৮৮৮৩৩৪৭৮/০২৫৮৮৮৩৩৫৮৩



২০১৯-২০ শিক্ষাবর্ষের ডিগ্রি পাস ২য় বর্ষ পরীক্ষা-২০২১ এর নিয়মিত ও অনিয়মিত
পরীক্ষার্থীদের ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি:
তারিখ: ৩০/০৫/২০২৩ খ্রি.

কলেজের ২০১৯-২০ শিক্ষাবর্ষের ডিগ্রি পাস ২য় বর্ষ পরীক্ষা-২০২১ এর নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, পরীক্ষার ফরম পূরণ নিম্নোক্ত তারিখ সমূহে বেলা ১০:০০ টা থেকে ০২:০০ টা পর্যন্ত চলবে। ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত যে সকল শিক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করেছে শুধু মাত্র তারাই ফরম পূরণ করতে পারবে। ফরম পূরণইচ্ছুক পরীক্ষার্থীদেরকে নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/degree-pass) থেকে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করে ০২ (দুই) কপি ছবি ফরমের নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগিয়ে কলেজে ফরম পূরণ কমিটির নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

আবেদন ফরম পূরণ ও জমাদানের সময়:

রসায়ন বিভাগে ০৬/০৬/২০২৩ তারিখ পর্যন্ত ফরম পূরণ ও জমাদানের কাজ চলবে।

ফি বিবরণী: নিয়মিত/অনিয়মিত ফি বিবরণী নোটিশ বোর্ডে প্রদত্ত ডিমান্ডলিস্ট অনুযায়ী।

**** শিক্ষার্থীদের স্ব-স্ব রেজিস্ট্রেশন নম্বর এবং প্রতিষ্ঠান আইডি 128355 অথবা 10009 ব্যবহার করে Sonali e Sheba এর মাধ্যমে টাকা জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া হলো।**

যে সকল শিক্ষার্থী ২০২১ সালের ডিগ্রি পাস ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ করতে পারবে:

১) ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী।

২) ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০২০, ২০১৯, ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০২০, ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০২০ সালের ডিগ্রি পাস ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্ত সাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪) উপরোক্ত (৩) শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

অকৃতকার্য ও মানোন্নয়ন:

৫) ২০১৮-১৯, ২০১৭-১৮, ২০১৬-১৭ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা ২০২০, ২০১৯, ২০১৮ ও ২০১৭ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্রে/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০২০ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্রে/কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দুটি কোর্সে/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**** ৭) ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে এফ গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২১ সালের ডিগ্রি পাস ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবেনা।**

আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে:

১। ২০১৯-২০ শিক্ষাবর্ষের ডিগ্রি পাস ২য় বর্ষের নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ০১ খানা।

২। পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি অনলাইন হতে ডাউনলোড কৃত আবেদন ফরমের নির্ধারিত জায়গায় আইকা গাম দিয়ে আটকিয়ে দিতে হবে।

৩। সেশন ফি ও ফরম পূরণের টাকা জমাদানের রশিদের কপি।

প্রফেসর ড. মোঃ নূর আলম
অধ্যক্ষ
শাহজাদপুর সরকারি কলেজ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। আহবায়ক, ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ কমিটি-২০২১।

২। সম্পাদক, শিক্ষক পরিষদ।

৩। ক্যাশিয়ার/ হিসাবরক্ষক।

৪। অফিস নথি।